# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬০২

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ৮) ক্বিয়ামুল্লাইল করার নিয়তে পবিত্রাবস্থায় নিদ্রা যাওয়ার প্রতি উৎসাহ দান

الترغيب في أن ينام الإنسان طاهرا ناويا للقيام

আরবী

(صحيح) وَعَنْ أبي ذر أو أَبِيْ الدَّرْدَاءِ شك شعبة رَضِيَ اللَّهُ عَنْهُ قال رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : ما من عبد يحدث نفسه بقيام ساعة من الليل فينام عنها إلا كان نومه صدقة تصدق الله بها عليه وكتب له أجر ما نوى.

رواه ابن حبان في صحيحه مرفوعا ورواه ابن خزيمة في صحيحه موقوفا لم يرفعه

বাংলা

৬০২. (সহীহ) আবূ যার অথবা আবূ দারদা (রাঃ) (বর্ণনাকারী শো’বার সন্দেহ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “কোন বান্দা যখন রাতের একটি মূহুর্তে ক্বিয়াম করার (নফল নামাযের) নিয়ত করে, অতঃপর নিদ্রার কারণে তা পুরা করতে সক্ষম না হয়, তবে তার নিদ্রা ছাদকা স্বরূপ হয়ে যায়। আল্লাহ তাকে উহা ছাদকা স্বরূপ দান করেন। আর যে কাজের সে নিয়ত করেছিল, তার প্রতিদান লিখে দেন।”

(হাদীছটি ইবনু হিব্বান স্বীয় [সহীহ] গ্রন্থে মারফু সূত্রে ২৫৭৯ এবং ইবনে খুযাইমা স্বীয় [সহীহ] গ্রন্থে মাওকুফ সূত্রে বর্ণনা করেন ২/১৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন